# মডেল টেস্ট– ১

## বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

আমাদের আছে নানা ধরনের উৎসব। মুসলমানদের রয়েছে দুটো ঈদ, ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা। হিন্দুদের দুর্গা পূজাসহ আছে নানা উৎসব আর পার্বণ। বৌদ্ধদের আছে বৌদ্ধ পূর্ণিমা। খ্রিষ্টানদের আছে ইস্টার সানডে আর বড় দিন। এছাড়াও রয়েছে নানা উৎসব। পয়লা বৈশাখ– নববর্ষের উৎসব রয়েছে রাখাইনদের সাংরাই ও চাকমাদের বিজু উৎসব। ধর্ম যার যার, উৎসব যেন সবার।

পোশাক-আশাকও কত ভিন্ন ভিন্ন ধরনের, ভিন্ন ভিন্ন ধাঁচের। মিল আমাদের একটা জায়গায়– সকলেই আমরা বাংলাদেশের অধিবাসী।

বাংলাদেশের জনজীবন ভারি বৈচিত্র্যময়। এই দেশকে তাই ঘুরে ঘুরে দেখা দরকার। কোথায় পাহাড়, কোথায় নদী, কোথায়-বা এর সমুদ্রের বেলাভূমি। এজন্য দরকার দেশের নানা প্রান্তে আত্মীয়-স্বজন ও বন্ধুদের বাড়ি বেড়াতে যাওয়া। পরস্পর মেলামেশা করা। কাছাকাছি আসা। মানুষকে ভালোবাসা।

দেশ মানে এর মানুষ, নদী, আকাশ, প্রান্তর, পাহাড়, সমুদ্র এইসব। দেশ হলো জননীর মতো। স্নেহ মমতা ভালোবাসা দিয়ে আমাদের আগলে রাখেন। দেশও তেমনই তার আলো বাতাস সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে। এদেশকে আমরা ভালোবাসব।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটি কী বিষয় নিয়ে লেখা?
   ক জনজীবন ও উৎসব    খ উৎসব, জনজীবন ও ভূমিরূপ
   গ জনপদ ও ভূ-প্রকৃতি    ঘ উৎসব, জনজীবন ও দেশপ্রেম

(ii) বাংলাদেশে মূলত কয়টি ধর্মের লোক বসবাস করে?
   ক দুটি    খ তিনটি
   গ চারটি    ঘ পাঁচটি

(iii) বৌদ্ধদের প্রধান উৎসব কোনটি?
   ক দুর্গাপূজা    খ বড়দিন
   গ সাংরাই    ঘ বৌদ্ধ পূর্ণিমা

(iv) দেশ আমাদের কী দিয়ে বাঁচিয়ে রেখেছে?
   ক আলো    খ বায়ু
   গ সম্পদ    ঘ আলো, বাতাস ও সম্পদ

(v) মায়ের মতো করে ভালোবাসতে হবে–
   ক নদীকে    খ সাগরকে
   গ দেশকে    ঘ পাহাড়কে

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) দেশ মানে কী?

(খ) দেশকে কার সাথে তুলনা করা হয়েছে এবং এরূপ তুলনার যৌক্তিকতা কী?

(গ) আমাদের দেশকে দেখার জন্য কী করা দরকার? আমাদের দেশ কেমন?

http://teachingbd.com

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) বৈচিত্র্য; (খ) বেলাভূমি; (গ) প্রান্তর; (ঘ) স্বজন; (ঙ) জননী।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

মায়ের ভাষার অধিকার রক্ষার জন্য এদেশে যে আন্দোলন হয় তাকে ভাষা আন্দোলন বলে। এই আন্দোলন চূড়ান্ত রূপ নেয় ১৯৫২ সালের ২১এ ফেব্রুয়ারি। সেদিন শাসকগোষ্ঠীর ১৪৪ ধারা ভঙ্গ করে মিছিল বের করে উপস্থিত ছাত্র-জনতা। মিছিলে পুলিশ গুলি চালালে সালাম, জব্বার, বরকত, রফিকসহ নাম না-জানা অনেকে শহিদ হন। একুশের এ চেতনারই ফল ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ। দীর্ঘ নয় মাস যুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর বাংলাদেশ শত্রুমুক্ত হয়। লক্ষ লক্ষ নারী-পুরুষের রক্তের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর পাকিস্তানি মিলিটারি ও এদেশের কিছু ঘৃণ্য মানুষ জাতির সূর্য-সন্তান বুদ্ধিজীবীদের হত্যা করে, কিন্তু ঘাতক-দালালরা বাংলার মানুষের হৃদয় থেকে তাঁদের মুছে ফেলতে পারেনি। সেজন্য প্রতি বছর ১৪ই ডিসেম্বর বাংলাদেশের মানুষ বিনম্র শ্রদ্ধায় শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ করে।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটির বিষয়বস্তু হলো—
- ক) ভাষা আন্দোলন ও সিপাহি বিদ্রোহ
- খ) মুক্তিযুদ্ধ ও স্বৈরাচার বিরোধী আন্দোলন
- গ) ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ
- ঘ) মুক্তিযুদ্ধ ও সিপাহি বিদ্রোহ

(ii) বুদ্ধিজীবী কারা?
- ক) ১৯৭১ সালে যাঁরা শহিদ হয়েছিলেন
- খ) যাঁরা ভাষা আন্দোলন করেছিলেন
- গ) বুদ্ধিই জীবিকা যাঁদের
- ঘ) যাঁরা দেশের জন্য জীবন দেন

(iii) ঘাতক-দালাল কারা?
- ক) পাকিস্তানি মিলিটারিরা
- খ) রাজাকার-আলবদর বাহিনী
- গ) যারা ঘরবাড়ি জ্বালিয়ে দিত
- ঘ) পাকিস্তান সরকার

(iv) পাকিস্তানি মিলিটারি ও রাজাকাররা বুদ্ধিজীবীদের হত্যা করেছিল কেন?
- ক) বুদ্ধিজীবীরা পূর্বে তাদের শত্রু ছিলেন
- খ) বুদ্ধিজীবীরা তাদের ঘৃণা করতেন

http://teachingbd.com

(গ) বুদ্ধিজীবীরা পালাতে পারেননি

(ঘ) বাঙালি জাতিকে মেধাশূন্য করার জন্য

(v) কোন বাক্যটিতে সঠিক বিরাম চিহ্নের ব্যবহার হয়েছে?

(ক) মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তানঃ

(খ) রণদাপ্রসাদ সাহা দানবীর ছিলেন!

(গ) শহীদুল্লা কায়সার প্রখ্যাত লেখক ও সাংবাদিক ছিলেন।

(ঘ) নতুনচন্দ্র সিংহ বিখ্যাত সমাজসেবক ছিলেন?

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ | শব্দ | শব্দার্থ |
|---|---|---|---|
| হত্যা | খুন | হৃদয় | মন |
| স্বাধীন | মুক্ত | ঘৃণ্য | ঘৃণার যোগ্য |
| স্মরণ | মনে করা | শহিদ | যাঁরা দেশের জন্য প্রাণ দেন |

(ক) পাকিস্তানি হানাদাররা বাঙালির কাছে ——— মানুষ।

(খ) বাঙালির ——— হতে একাত্তরের স্মৃতি মুছবে না।

(গ) আমরা ——— বাংলাদেশে বাস করি।

(ঘ) রাজাকার বাহিনী বুদ্ধিজীবী ——— জন্য দায়ী।

(ঙ) চিরকাল আমরা শহিদদের ——— করব।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) 'শহিদ বুদ্ধিজীবী দিবস' কত তারিখে? এই দিবসটি আমাদের কাছে স্মরণীয় কেন? চারটি বাক্যে লেখ।

(খ) কত তারিখে ভাষা আন্দোলন চূড়ান্ত রূপ নেয়? 'একুশের এ চেতনারই ফল ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধ' চারটি বাক্যে বুঝিয়ে লেখ।

(গ) বাংলাদেশের পাঁচটি জাতীয় দিবসের নাম লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ড; (খ) ঞ্চ; (গ) ক্রু; (ঘ) ন্ধু; (ঙ) স্ত্র।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

সার্থক জনম মাগো জন্মেছি এই দেশে কবির এ কথার অর্থ দাঁড়ায় আমাদের সৌভাগ্য যে আমরা এদেশে জন্মেছি বাংলাদেশের প্রায় সকল লোক বাংলায় কথা বলে আমরা বাঙালি তবে আমাদের দেশে যেমন রয়েছে প্রকৃতির বৈচিত্র্য তেমনি রয়েছে মানুষ ও ভাষার বৈচিত্র্য

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) আবর্জনা ফেলার জায়গা

(খ) যেখানে হাতি রাখা হয়

(গ) যেখানে রাজ্যের ধনসম্পদ থাকে

(ঘ) অঙ্গীকার করে এমন

(ঙ) হাতে পরার গহনা

Teachingbd.com

*অথবা,* নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের চলিত রূপ লেখ :

(ক) আমরা দেশকে সুন্দর করে গড়িয়া তুলব।

(খ) প্রাণীর অভাবে প্রকৃতিতে বিপর্যয় ঘটিবে।

(গ) মানুষ যখন একটু একটু সভ্য হইতেছে।

(ঘ) আপনার জন্য একটা সুখবর আনিয়াছি।

(ঙ) শেয়ালের উপরেই দায়িত্ব পড়িল।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) কম; (খ) দিন; (গ) সৌভাগ্য; (ঘ) মিল; (ঙ) বন্ধু।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) শত্রু; (খ) ফুল; (গ) হত্যা; (ঘ) টুকটুক; (ঙ) মুক্ত।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

মরছে যে বীর লাখে লাখে।
কিসের নেশায় কেমন করে
বরণ মরণ-যন্ত্রণাকে।
কিসের আশায় করছে তারা
ছুটছে তারা কেমন করে,
দেশ হতে দেশ দেশান্তরে

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) 'মরণ-যন্ত্রণা' কী? কারা মরণযন্ত্রণাকে ভয় পায় না? ২

১৩। মনে কর, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় তুমি খুব সাফল্যের সাথে উত্তীর্ণ হয়েছ। তাই তুমি একটি নতুন বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হতে গিয়েছ। বিদ্যালয়ে ভর্তির জন্য নিচের ফরমটি পূরণ কর। ৫

## আগারগাঁও উচ্চ বিদ্যালয়

আগারগাঁও, ঢাকা

ছবি

স্মা. নং ১৮/৩৬০ তাং : ১০/১২/২০১৬

| | |
|---|---|
| ১। শিক্ষার্থীর নাম | : |
| ২। মাতার নাম | : |
| ৩। পিতা/অভিভাবকের নাম | : |
| ৪। যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক | : |
| ৫। জন্ম তারিখ | : |

.................... .................... ....................

প্রধান শিক্ষকের স্বাক্ষর অভিভাবকের স্বাক্ষর আবেদনকারীর স্বাক্ষর

Teachingbd.com

১৪। মনে কর, তুমি সাইফুল। দৌলতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। এখন তোমার বড় বোনের বিবাহ উপলক্ষে অগ্রিম ছুটি চেয়ে প্রধান শিক্ষক/শিক্ষিকার নিকট একটি দরখাস্ত লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম সুমন/সুমি। তোমার পত্রমিতার নাম ইসুজু/কিমিকো। সে জাপানে থাকে। তোমার বিদেশি বন্ধু ইসুজু/কিমিকোকে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে একটি চিঠি লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) বৈশাখী মেলা : ভূমিকা – মেলার স্থান – ভালো লাগার কারণ – প্রাপ্ত দ্রব্যাদি – উপসংহার।

(খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী : ভূমিকা – জন্ম ও শৈশবকাল – কর্মজীবন – রাজনৈতিক আদর্শ – উপাধি – কাগমারি সম্মেলন – অন্যান্য অবদান – মৃত্যু – উপসংহার।

(গ) অধ্যবসায় : ভূমিকা – অধ্যবসায়ের সুফল – ছাত্রজীবনে অধ্যবসায় – অধ্যবসায় ও প্রতিভা – অধ্যবসায়ের দৃষ্টান্ত – উপসংহার।

(ঘ) আমাদের এই বাংলাদেশ : সূচনা – অবস্থান ও আয়তন – বিভাগীয় শহর – প্রধান প্রধান নদনদী – জাতীয় প্রতীকসমূহ – জনসংখ্যা – স্বাধীনতা – ভাষা – রাজধানী – প্রকৃতি ও পরিবেশ – অর্থনৈতিক অবস্থা – উপসংহার।

## মডেল টেস্ট - ১ এর উত্তরমালা

১। (i) ঘ উৎসব, জনজীবন ও দেশপ্রেম; (ii) গ চারটি; (iii) ঘ বৌদ্ধ পূর্ণিমা; (iv) ঘ আলো, বাতাস ও সম্পদ; (v) গ দেশকে।

২। (ক) দেশ মানে হলো এর মানুষ, নদী, আকাশ, প্রান্তর, পাহাড়, সমুদ্র– এইসব।

(খ) দেশকে জননীর সাথে তুলনা করা হয়েছে।
জননী যেমন সন্তানকে স্নেহ-মমতা দিয়ে আগলে রাখেন দেশও তেমনি আলো বাতাস সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে। তাই দেশকে জননীর সাথে তুলনা করা হয়েছে।

(গ) আমাদের দেশকে দেখার জন্য দেশের নানা প্রান্তে আত্মীয়-স্বজন ও বন্ধুদের বাড়ি বেড়াতে যাওয়া দরকার। এছাড়া পরস্পরের সঙ্গে মেলামেশা করা, কাছাকাছি আসা এবং মানুষকে ভালোবাসা দরকার।
আমাদের দেশ খুবই সুন্দর। কোথাও বিস্তীর্ণ সমতল ভূমি। কোথাও পাহাড়, কোথাও নদী, কোথাওবা সমুদ্রের বেলাভূমি।

৩। (ক) বিভিন্নতা; (খ) সমুদ্রের তীরের বালুময় স্থান; (গ) মাঠ; (ঘ) নিজের লোক; (ঙ) মাতা।

৪। ধর্মীয় উৎসব, জনজীবন ও দেশপ্রেম আলোচ্য অনুচ্ছেদের উপজীব্য। বাংলাদেশের মানুষ নিজের ধর্ম পালন করে ধর্মীয় উৎসবে সবাই অংশগ্রহণ করে। এদেশের মানুষের বৈচিত্র্যময় জনজীবন খুব আকর্ষণীয়। একদিকে এদেশের অপরূপ নিসর্গ অন্যদিকে আত্মীয় পরিজনের অকৃত্রিম ভালোবাসা আমাদেরকে কাছে টানে– মুগ্ধ করে। তাই দেশ আমাদের কাছে অত্যন্ত প্রিয়। দেশ আমাদের মায়ের মতো বলেই দেশকে আমরা ভালোবাসব।

http://teachingbd.com

৫। (i) ⓖ ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ; (ii) ⓖ বুদ্ধিই জীবিকা যাঁদের; (iii) ⓑ রাজাকার-আলবদর বাহিনী; (iv) ⓓ বাঙালি জাতিকে মেধাশূন্য করার জন্য; (v) ⓖ শহীদুল্লা কায়সার প্রখ্যাত লেখক ও সাংবাদিক ছিলেন।

৬। (ক) ঘৃণ্য; (খ) হৃদয়; (গ) স্বাধীন; (ঘ) হত্যার; (ঙ) স্মরণ।

৭। (ক) ১৪ই ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস'।

১৯৭১ সালের এই দিন বাঙালি জাতির সূর্য-সন্তানদের হত্যা করে পাকিস্তানি মিলিটারি। তাদের সহযোগিতা করে এদেশের কিছু ঘৃণ্য মানুষ। কিন্তু ঘাতক-দালালরা বাংলার মানুষের হৃদয় থেকে তাঁদের মুছে ফেলতে পারেনি। সেজন্য প্রতি বছর ১৪ই ডিসেম্বর বাংলাদেশের মানুষ বিনম্র শ্রদ্ধায় শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ করে।

(খ) ১৯৫২ সালের ২১এ ফেব্রুয়ারি ভাষা আন্দোলন চূড়ান্ত রূপ নেয়।

এই দিন এদেশের ছাত্রজনতা ঐক্যবদ্ধ হয়ে বাংলা ভাষার দাবিতে মিছিল বের করেন। শাসকগোষ্ঠীর নির্দেশে পুলিশ মিছিলে গুলি চালালে সালাম, জব্বার, রফিক, বরকতসহ নাম না-জানা অনেকে শহিদ হন। এ আন্দোলনের ফলে বাংলা রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি পায়। ভাষা আন্দোলনের এই ঐক্যের চেতনা পরবর্তীতে বাঙালিদের মুক্তিযুদ্ধ করার প্রেরণা দিয়েছিল।

(গ) নিম্নে বাংলাদেশের পাঁচটি জাতীয় দিবসের নাম উল্লেখ করা হলো :

১. ২৬এ মার্চ — স্বাধীনতা দিবস।
২. ১৬ই ডিসেম্বর — বিজয় দিবস।
৩. ২১এ ফেব্রুয়ারি — শহিদ দিবস।
৪. ১৪ই ডিসেম্বর — বুদ্ধিজীবী দিবস
৫. ১৭ই মার্চ — জাতীয় শিশু দিবস।

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) ণ্ড | ণ্ + ড | মওলানা ভাসানী প্রবাসী বাংলাদেশ সরকারের উপদেষ্টামণ্ডলীর সদস্য ছিলেন। |
| (খ) ঞ্চ | ঞ্ + চ | মওলানা ভাসানী 'কাগমারি সম্মেলনে' পূর্ব পাকিস্তানের মানুষের বঞ্চনার চিত্র তুলে ধরেন। |
| (গ) ক্ল | ক্ + ্ল (ল-ফলা) | পরিশ্রম করার কারণে সে এখন ক্লান্ত। |
| (ঘ) ন্ধু | ন্ + ধ + ু (উ-কার) | রফিক আমার ভালো বন্ধু। |
| (ঙ) স্ত্র | স্ + ত + ্র (র-ফলা) | পাকিস্তানিদের বিরুদ্ধে বাঙালি অস্ত্র হাতে নিয়েছিল। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ১ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) আঁস্তাকুড়; (খ) আস্তাবল; (গ) রাজকোষ; (ঘ) প্রতিজ্ঞা; (ঙ) কাঁকন।

*অথবা,* (ক) আমরা দেশকে সুন্দর করে গড়ে তুলব।
(খ) প্রাণীর অভাবে প্রকৃতিতে বিপর্যয় ঘটবে।
(গ) মানুষ যখন একটু একটু সভ্য হচ্ছে।
(ঘ) আপনার জন্য একটা সুখবর এনেছি।
(ঙ) শেয়ালের উপরেই দায়িত্ব পড়িল। পড়ল

১১। (ক) বেশি; (খ) রাত; (গ) দুর্ভাগ্য; (ঘ) অমিল; (ঙ) শত্রু।

*অথবা,* (ক) অরি; (খ) পুষ্প; (গ) বধ; (ঘ) গাঢ়; (ঙ) স্বাধীন।

http://teachingbd.com